

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আরাফাতে অবস্থান (وقوف بعرفة)

ه ک रिल शिष्क শুক্রবার সকালে তিনি মিনা হ'তে আরাফাতের উদ্দেশ্যে রওয়ানা হন এবং ওয়াদিয়ে নামেরায়(واري) অবতরণ করেন। যার একপাশে আরাফাত ও অন্যপাশে মুযদালিফাহ অবস্থিত। অতঃপর সূর্য ঢলে পড়লে তিনি কাছওয়ার (الْقَصْوُاء) পিঠে সওয়ার হয়ে আরাফাত ময়দানের বাত্বনে ওয়াদীতে(بَطْنُ الْوَادِي) গমন করেন। এটি ছিল একটি পাহাড়ী টিলা। যা বর্তমানে 'জাবালে রহমত'(جَبَلُ الرَّحْمَة) বলে খ্যাত। অতঃপর তিনি সেখানে উটনীর পিঠে সওয়ার অবস্থায় উপস্থিত মুসলমানদের উদ্দেশ্যে সারগর্ভ ভাষণ দেন (য়াদুল মা'আদ ২/২১৫)। এসময় সেখানে এক লক্ষ চবিবশ হায়ার বা ত্রিশ হায়ার মুসলমান উপস্থিত ছিলেন।[1] মুবারকপুরী কোনরূপ সূত্র ছাড়াই এক লক্ষ অথবা এক লক্ষ চুয়াল্লিশ হায়ার বলেছেন (আর-রাহীক ৪৪৪ পৃঃ)।

ফুটনোট

[1]. মির আত, শরহ মিশকাত হা/২৫৬৯-এর আলোচনা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5717

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন